

■ বাকুবি ছাত্রলীগ ■

## ক্যাম্পাসে ফিরতে পারেননি সভাপতিসহ বড় নেতারা

■ বাকুবি প্রতিনিধি

আধিপতা বিত্তার, টেডারবাজি, নিয়োগ বাণিজ্যকে কেন্দ্র করে ৭ জুলাই ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সঙ্গে সংঘর্ষের পর ডাঙন-বিদ্রোহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) শাখা ছাত্রলীগে এখন চলছে সংগঠনিক বিপর্যয়। বিদ্রোহীদের তেড়েপের মুখে কেন্দ্রীয় কমিটি নির্বাচনে ভোট দিতে গিয়ে আর ক্যাম্পাসে ফিরতে পারছে না শাখা ছাত্রলীগের সভাপতিসহ বর্তমান কমিটির প্রভাবশালী নেতারা। এদিকে বিদ্রোহ ঠেকাতে কাউকে না জানিয়ে হল কমিটি গঠন করেও কোনো কাজে আসেনি। সভাপতি ও তার ক্যাডারদের অপরাধনীতির বলি আর কোনো শিক্ষার্থীকে হতে দেবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন, বিদ্রোহী নেতারা। গতকাল মঙ্গলবার তারা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে সংবাদ সম্মেলন করেছেন।

জানা যায়, আধিপতা বিত্তার ও ভাগ বাটোয়ারাকে কেন্দ্র করে ময়মনসিংহ জেলা ও বাকুবি শাখা ছাত্রলীগের সভাপতির মধ্যে সংঘর্ষের পর হামলা-মামলা, দলীয় নেতাকর্মীদের বিদ্রোহ, ক্যাম্পাস থেকে বিতাড়িত নেতাদের মহড়ায় কোণঠাসা হয়ে পড়েন বর্তমান সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবু ও সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। চতুর্থী চাপের মধ্যেই কেন্দ্রীয় কমিটির নির্বাচনে ভোট দিতে ঢাকায় যান সভাপতিসহ ২৫ নেতা। ওই দিন ক্যাম্পাসে হল দখলে নেন বিদ্রোহীরা নেতাকর্মীরা। ২৬ জুলাই কেন্দ্রীয় কমিটি গঠিত হওয়ার পর সভাপতির নেতৃত্বে কাউন্সিলর নেতাকর্মীদের হলে ফেরার কথা ছিল। আরও দু'দিন পেরোলেও এখনও ক্যাম্পাসে ফিরতে পারেননি অধিকাংশ কাউন্সিলর। এদিকে, দলীয় সভাপতি-সাধারণ সম্পাদকের খেচ্ছাচারিতা, দুর্নীতি ও অপরাধনীতির অভিযোগ এনে গতকাল মঙ্গলবার বেলা ১১টায় সংবাদ সম্মেলন করেন বিদ্রোহী নেতাকর্মীরা। যুগ্ম সম্পাদক মাহবুবুর রহমানের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন যুগ্ম সম্পাদক তায়েফুর রহমান। বিদ্রোহী নেতারা বলেন, সভাপতি-সম্পাদকের নেতৃত্বে ছাত্রলীগ নামধারী কতিপয় ক্যাডারের জন্য বাকুবি শাখা ছাত্রলীগের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। তাদের নেতৃত্বে ছাত্রলীগ নামধারী কিছু ক্যাডার টেডারবাজি, নিয়োগ বাণিজ্য, ছাত্র হত্যা, নারী কেলেঙ্কারিসহ বিভিন্ন ধরনের অপকর্ম করেছে। তবে এখন থেকে কোনো ক্যাডারের অপরাধনীতির দায়ভার বাকুবি শাখা ছাত্রলীগ নেবে না।

বাকুবি শাখা ছাত্রলীগের সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবু জানান, অপপ্রচার চালিয়ে যারা এ ধরনের কর্মকাণ্ড করে ছাত্রলীগের ভাবমূর্তি ক্ষুণ্ণ করছে, কেন্দ্রীয় নেতাদের সঙ্গে আলোচনা করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।